

জুমু‘আর সালাতের সময়

যুহরের সালাতের সময়ই হলো জুমু‘আর সালাতের সময়। এর প্রমাণ হলো- আনাছ رضي الله عنه হতে বর্ণিত:-

أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي الْجُمُعَةَ حِينَ تَمِيلُ الشَّمْسُ.^١

অর্থ- সূর্য যখন মধ্য আকাশ থেকে সরে (পশ্চিম দিকে একটু ঢলে পড়ত) যেত, তখন নাবী صلى الله عليه وسلم জুমু‘আর সালাত আদায় করতেন।^২

অন্য হাদীছে ছালামাহ ইবনুল আকওয়া رضي الله عنه হতে বর্ণিত, তিনি বলেছেন:-

كُنَّا نَجْمَعُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، إِذَا زَالَتِ الشَّمْسُ، ثُمَّ نَرْجِعُ نَتَّبِعُ الْفَيْءَ.^٣

অর্থ- সূর্য যখন মধ্য আকাশ থেকে সরে (পশ্চিম দিকে একটু ঢলে পড়ত) যেত, তখন আমরা রাছুলুল্লাহ صلى الله عليه وسلم এর সাথে জুমু‘আর সালাত আদা করতাম, অতঃপর আমরা ছায়া অনুসরণ করে (বাড়ীতে) ফিরে যেতাম।^৪

সূত্র:-

- ১) ‘আল্লামা শাইখ মুহাম্মাদ ইবনু জামীল যাইনু সংকলিত- আরকানুল ঈমান ওয়াল ইছলাম।
- ২) ফিক্‌হুছ ছুন্নাহ লিল ‘আল্লামা আছছায়িদ ছাবিবু।
- ৩) আল ফিক্‌হু ‘আলাল মাযাহিবিল আরবা‘আহ লি আদ্বির্ রহমান আল জায়ীরী।
- ৪) বুলুগুল মারাম লিল ‘আল্লামা আল হাফিয় ইবনু হাজ্‌র আল ‘আছকালানী।
- ৫) যাদুল মা‘আদ লিল ‘আল্লামা আল হাফিয় ইবনুল ক্বায়িম আল জাওযিয়্যাহ।
- ৬) আল মাজমু‘ লিল ইমাম আশ শাফি‘য়ী।

১. رواه البخاري و الترمذي و أحمد.

২. সাহীহ বুখারী, তিরমিযী, মুছনাদে ইমাম আহমাদ

৩. رواه مسلم و ابن حبان.

৪. সাহীহ মুছলিম, সাহীহ ইবনে হিব্বান

৭) আল মুগনী লিল ইমাম ইবনু ক্বোদামা।